2018–2019 NYC হাই স্কুলে ভর্তি

ইন্সট্রুমেন্টাল মিউজিক অডিশন গাইড

ইন্সট্রুমেন্টাল মিউজিক বা যন্ত্র সঙ্গীত অডিশন প্রোগ্রাম সম্পর্কে আপনার যেসব বিষয় জানতে হবে

NYC Department of Education

সূচি

1. কীভাবে এই গাইডটি ব্যবহার করতে হয়
2. হাই স্কুল অডিশন প্রক্রিয়ার উপরিচিত্র
3. অডিশন রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ
4. যন্ত্র সঙ্গীতের একটি অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়
5. হাই স্কুলের প্রোগ্রামসমূহ এবং অডিশনের তথ্য
6. আপনার ব্যক্তিগত অডিশনের সময়সূচি

সেকশন 1 – এই গাইডটি কীভাবে ব্যবহার করবেন

এই গাইডটি শিক্ষার্থী ও পরিবারবর্গকে অডিশন প্রক্রিয়ার জন্য প্রস্তুতি গ্রহণে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই গাইডের মাধ্যমে আপনি:

- **যন্ত্র সঙ্গীত সম্পর্কে জানুন।** যন্ত্রসঙ্গীত প্রয়োজনীয়তা কী? যন্ত্র সঙ্গীতের একজন শিক্ষার্থী হিশেবে আপনি কী প্রত্যাশা করতে পারেন? আরও তথ্যের জন্য নিচের বিবরণটি দেখুন।

- **অডিশন প্রক্রিয়াটি বুঝুন।** পৃষ্ঠা দুইয়ে প্রদত্ত উপরিচিত্র আপনাকে হাই স্কুল অডিশনে আপনি কী প্রত্যাশা করতে পারেন সেসম্পর্কে একটি ধারণা দেবে।

- **সাধারণ অডিশনের অংশগুলি পর্যালোচনা করুন।** যে সকল হাই স্কুল সাধারণ অডিশনের অংশগুলিতে অংশগ্রহণ করে তারা অডিশনের একই গাইডলাইন শেয়ার করে। এই গাইড যন্ত্র সঙ্গীত প্রোগ্রামে অংশগ্রহণ করার ক্ষেত্রে সাধারণ অডিশনের অংশগুলি অন্তর্ভুক্ত করে।

- **অডিশনের জন্য প্রস্তুত হওয়া।** একটি অডিশন চলাকালীন আপনার পক্ষে সর্বোচ্চ ভালো করার জন্য অডিশনের বিষয়সমূহ এবং পরামর্শ সম্পর্কে জানুন।

- **আপনার আগ্রহের যন্ত্র সঙ্গীত প্রোগ্রামের একটি তালিকা তৈরি করুন।করুন।** শৈল্পিক মেধা চর্চার জন্য নিউ ইয়র্ক সিটির যে সকল হাই স্কুল বিভিন্ন প্রোগ্রাম প্রদান করে সেগুলোর একটি সম্পূর্ণ তালিকার জন্য এই গাইডটি দেখুন। আপনার জন্য উপযুক্ত এমন প্রোগ্রামসমূহের তালিকা করতে সেকশন 6 ব্যবহার করুন এবং আপনার হেমন্তের অডিশনের সময়সূচি তৈরি করতে শুরু করুন।

- **আপনার অডিশনের সময়সূচি তৈরি করুন।** আপনার নিজস্ব অডিশন ক্যালেন্ডার পরিকল্পনা করতে প্রতিটি প্রোগ্রামের অডিশন তথ্য এবং সময়সূচি পর্যালোচনা করুন। প্রতিটি প্রোগ্রামের জন্য, অডিশনের জন্য কী কী প্রস্তুত করতে হবে এবং অডিশনে আপনি কী কী করবেন তার একটি তালিকা রয়েছে।

যন্ত্র সঙ্গীত কী?

যন্ত্র সঙ্গীত হলো কোনো কম্পোজিশন বা রেকর্ডিং যা মূলত অথবা বিশেষভাবে বাদ্যযন্ত্রের ব্যবহারে তৈরি। যন্ত্র সঙ্গীতের শিক্ষার্থীগণ কোনো একটি বাদ্যযন্ত্রে ক্রমবর্ধমান জটিল কাজ পারফর্ম করতে তাদের সক্ষমতার উন্নয়ন ঘটায়। শিক্ষার্থীগণ সাধারণত সাইট-রিডিং, সঙ্গীত তত্ব, সঙ্গীতের ইতিহাস, কৌশল ও শিল্পকর্ম চর্চা করে এবং সঙ্গীতের সামাজিক ও সাংস্কৃতিক প্রভাব সম্পর্কে ধারণা অর্জন করে। শিক্ষার্থীগণ প্রায়ই প্রাত্যহিকভাবে বৃহৎ ঐকতানিক সঙ্গীত অনুশীলন করে এবং হাই স্কুলের চার বছর জুড়েই পারফর্ম করার সুযোগ পেয়ে থাকে।

সেকশন 2 – হাই স্কুল অডিশন প্রক্রিয়ার পর্যালোচনা

কিছু হাই স্কুল অডিশন আয়োজন করে।

একটি অডিশন হচ্ছে ভর্তি পদ্ধতির একটি ধরন। কিছু হাই স্কুলের আর্টস প্রোগ্রামে ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে অবশ্যই একটি অডিশনে শৈল্পিক দক্ষতা প্রদর্শন করতে হবে। শিক্ষার্থীদের স্কুল কর্মীদের সাথে মিলিত হবার এবং প্রোগ্রাম সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করার অডিশনগুলি একটি দারুণ সুযোগও বটে।

শিক্ষার্থীরা একটি অডিশনের জন্য প্রস্তুতি নেবে এবং পারফর্ম করবে সেটিই প্রত্যাশিত

হাই স্কুলের প্রোগ্রাম অনুযায়ী অডিশনের প্রত্যাশা ভিন্ন হবে। শিক্ষার্থীদের উচিত অডিশনের মানদণ্ড পর্যালোচনা করা যা হাই স্কুল ডিরেক্টরিতে স্কুল কর্তৃক প্রকাশিত হয়। যদি কোন শিক্ষার্থী একই আর্ট ফরমে অভিনিবেশ প্রদান করে একাধিক প্রোগ্রামের অডিশনে অংশগ্রহণ করে, তবে অডিশনগুলির অনেক অংশ একই রকম হবে (অডিশনের তথ্যের জন্য এই গাইডে প্রোগ্রামের বিস্তারিত দেখুন)। শিক্ষার্থীদের অবশ্যই জেনে রাখা উচিত যে তারা অডিশনের জন্য যা প্রস্তুত করেছে তার সব উপস্থাপনের সুযোগ নাও হতে পারে।

অডিশনগুলি হাই স্কুল কর্তৃক পরিচালিত হয়

সাধারণত অডিশনগুলি স্কুল প্রশাসক এবং শিক্ষকদের দ্বারা পরিচালিত হয়। কিছু হাই স্কুল অডিশনে শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গকে স্বাগত জানাতে তাদের বর্তমান শিক্ষার্থীগণ সহযোগিতা প্রদান করে।

অডিশনের তারিখ, উপস্থিত হবার সময় এবং স্থানসমূহ ভিন্ন হতে পারে

হাই স্কুল অডিশনগুলি সাধারণত অক্টোবর থেকে জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়। অডিশনের সময়সূচির জন্য এই গাইডে প্রোগ্রামের বিবরণ দেখুন।

অডিশনের দৈর্ঘ্য ভিন্ন ভিন্ন হতে পারে

অডিশন প্রক্রিয়াটিতে 2-3 ঘন্টা বা তার বেশি সময় লাগতে পারে। শিক্ষার্থীদেরকে অডিশনে কিছু হালকা নাস্তা এবং পানি আনতে উৎসাহিত করা হয়। পরিবারগুলির একই দিনে একাধিক স্কুলে অডিশনের জন্য রেজিস্টার করা উচিত নয়।

পরিবারগুলি কাছাকাছি অপেক্ষা করতে পারে

প্যারেন্ট/অভিভাবকরা অডিশন এলাকায় অনুমতি প্রাপ্ত না হওয়ায় তাদের জন্য প্রায়ই নির্বাচিত অপেক্ষার স্থান থাকে। প্যারেন্ট/অভিভাবকরা যেকোনো সময় স্কুল ভবন ছেড়ে চলে যেতে পারেন এবং পুনরায় প্রবেশ করতে পারেন। অডিশন প্রক্রিয়া শুরুর আগে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের মধ্যে যোগাযোগ সম্পন্ন করা উচিত।

অডিশন প্রোগ্রামসমূহে গৃহীত হওয়া

অডিশন প্রোগ্রামে বিবেচিত হওয়ার জন্য, শিক্ষার্থীদেরকে অবশ্যই তাদের হাই স্কুল অ্যাডমিশন রাউন্ড 1 আবেদনপত্রেও প্রোগ্রামটি তালিকাভুক্ত করতে হবে, যা 3 ডিসেম্বর, 2018 তারিখে তাদের স্কুল কাউন্সেলরের কাছে জমা দিতে হবে। শিক্ষার্থীরা মার্চে রাউন্ড 1 আবেদনের ফলাফল পাবে।

অডিশনের প্রক্রিয়া সম্পর্কিত প্রশ্নাবলী

এই গাইডটির অডিশন প্রক্রিয়া সম্পর্কে আপনার অধিকাংশ প্রশ্নের উত্তর দেওয়া উচিত। কোনো স্কুলের অডিশনের বিষয়ে আপনার যদি নির্দিষ্ট প্রশ্ন থাকে, তাহলে বিস্তারিত তথ্যের জন্য স্কুলে সরাসরি ফোন করা অথবা ইমেল পাঠানো বা স্কুলের ওয়েবসাইটটি ভিজিট করাই সবচেয়ে ভালো উপায়।

অডিশনে বিশেষ সুবিধা ব্যবস্থা

ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP), অনুমোদিত 504 পরিকল্পনা রয়েছে এমন শিক্ষার্থী, এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারগণ বিশেষ সুবিধা পেতে পারে। অডিশনে বিশেষ সুবিধা লাভের ব্যবস্থার জন্য শিক্ষার্থীদের তাদের স্কুলের কাউন্সেলরের সাথে কথা বলতে হবে।

সেকশন 3 – অডিশনের জন্য রেজিস্ট্রেশন এবং সাধারণ অডিশনের অংশসমূহ

অডিশন প্রক্রিয়ার বিষয়ে নিচে কিছু শব্দভান্ডার দেওয়া আছে যা পরিবারগুলিকে অডিশনের জন্য প্রস্তুতি গ্রহণে শিখতে হবে। এই গাইডের সেকশন পাঁচে প্রদত্ত টেবিলে এইসব শব্দাবলি পাওয়া যাবে।

অডিশনের জন্য রেজিস্ট্রেশন

শিক্ষার্থীদেরকে DOE-এর এনরোলমেন্ট পদ্ধতির মাধ্যমে অথবা স্কুল ওয়েবসাইটগুলির মাধ্যমে অডিশনের জন্য রেজিস্টার করতে হতে পারে। এই গাইডে এবং হাই স্কুল ডিরেক্টরির অডিশন স্কুল পৃষ্ঠাগুলিতে রেজিস্ট্রেশনের বিশদ বিবরণ রয়েছে। রেজিস্টার করার মাধ্যমে শিক্ষার্থীরা স্কুলের প্রশাসককে জানায় যে তারা অডিশনে অংশ নিচ্ছে এবং তারা কোন্ প্রোগ্রামে অডিশন দিচ্ছে।

সাধারন অডিশনের অংশযুক্ত প্রোগ্রামসমূহ

কিছু স্কুলের একটি নির্বাচিত গ্রুপের প্রোগ্রামসমূহে সাধারণ অডিশনের অংশগুলি থাকে যা এই ডকুমেন্টের সেকশন পাঁচে স্কুলের নামের পাশে ★ আইকন দ্বারা নির্দেশিত হয়। এই প্রোগ্রামগুলি একই অডিশনের সব অংশ শেয়ার করে তাই শিক্ষার্থীরা যদি একটি অডিশনের জন্য প্রস্তুত হয় তাহলে তারা অন্য অংশগ্রহণকারী প্রোগ্রামে অংশগ্রহণের জন্যও প্রস্তুত থাকে।

সাধারণ অডিশনের অংশসমূহ - যন্ত্র সঙ্গীতের প্রোগ্রামসমূহ

আপনি এই তথ্যটি 2019 নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ডিরেক্টরির 24 পৃষ্ঠায়ও পেতে পারেন

শিক্ষার্থীরা একাধিক যন্ত্রের জন্য অডিশন দিতে পারে। একটি প্রস্তুতকৃত একক নির্বাচন উপস্থাপন করুন। শিক্ষার্থীদেরকে তাদের নিজের নিজের বাদ্য যন্ত্র নিয়ে আসতে হবে – এর ব্যতিক্রম হলো পিয়ানো, টুবা, ডাবল ব্যাস, হার্প, পারকাসন এবং গিটার অ্যামপ্লিফায়ার্স যেগুলি স্কুল থেকে দেওয়া হবে। অডিশনে অন্তর্ভুক্ত থাকবে সঙ্গীতের কাজ (এর মধ্যে থাকতে পারে সিঙ্গিং ব্যাক মেলোডিক প্যাটার্ন, ট্যাপিং ব্যাক মেলোডিক প্যাটার্ন, নির্দিষ্ট মাত্রায় বাজানো, বা কোনো সাইট রিডিং (দেখে পড়া), সঙ্গীত তত্ত্ব বা তাৎক্ষণিক কাজ সম্পন্ন করাও এর অন্তর্ভুক্ত থাকতে পারে)।

প্রোগ্রামসমূহের বিভিন্ন কাজ থাকতে পারে যেগুলো তারা অন-সাইটে প্রদান করে – এর অন্তর্ভুক্ত হতে পারে ইন্টারভিউ, বিষয়ভিত্তিক নমুনা লেখনী যেগুলো আপনার অংশগ্রহণকে প্রভাবিত করতে পারে। অনুগ্রহপূর্বক এই ডকুমেন্টের প্রতিটি স্কুলের অডিশন তথ্য পড়ুন। তাছাড়াও, স্কুলের ওয়েবপেজ ভিজিট করার ব্যাপারে নিশ্চিত হোন বা সর্বশেষ হালনাগাদকৃত বিবরণের জন্য সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন।

সেকশন 4 – একটি ইন্সট্রুমেন্টাল মিউজিক অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়

আপনার অডিশন নাট্যকর্ম নির্বাচন ও অনুশীলন করা

- আপনার নাট্য সম্ভার অডিশনের যথেষ্ট আগেই নির্বাচন করার চেষ্টা করুন।
- এমন মিউজিক নির্বাচন করুন যেটি নির্দিষ্টভাবে আপনার একক যন্ত্রের জন্য লিখিত (এমন কোনো মিউজিক নয় যেটিতে আপনার যন্ত্রকে অন্য যন্ত্রের সহায়তা নিতে হয়।)।
- এমন মিউজিক নির্বাচন করুন যা আপনার শক্তিশালী দিকগুলিকে হাইলাইট করে। একটি কঠিন কাজ ভালোভাবে উপস্থাপন করতে পারলে তা আপনার দক্ষতাকে ভালোভাবে প্রদর্শন করবে। যদিও, একটি সহজতর কাজ শক্তিশালী মিউজিক ও সুরের সমন্বয়ে উপস্থাপন করতে পারলে সেটিও সমানভাবে চিত্তাকর্ষক হবে।
- অনুশীলনের সময় ধীর, অভিব্যক্তিপূর্ণ অংশগুলি এমন সতর্কতার সাথে সম্পন্ন করুন যেমনটি আপনি আপ-টেম্পো, কৌশলগত দিক থেকে চ্যালেঞ্জিং বিভাগসমূহে করে থাকেন।
- আপনার দুর্বল দিকগুলি আলাদা করুন এবং অনুশীলন করুন। আপনার দক্ষতার উন্নয়নে সময় ব্যয় করুন যাতে আপনার কাজের সকল সেকশন সমান দক্ষতার সাথে উপস্থাপন করা যায়।
- সুরারোপ ও ছন্দের ক্ষেত্রে সহায়তার জন্য আপনার অনুশীলনের প্রথমদিকে একজন সুরকার ও মাত্রামাপক ব্যবহার করুন।
- কোনো দর্শকের সামনে আপনার অডিশনের সম্ভার উপস্থাপন করার অনুশীলন করুন। তাদেরকে আপনার কাজের সমালোচনা ও সার্বিক উপস্থাপনার মূল্যায়ন করতে বলুন।
- প্রতিদিন সাইট-রিডিং অনুশীলন করুন।

যন্ত্রের অডিশন

- এমন একটি কাজ অনুশীলন করুন যা শেষ পর্যন্ত উপস্থাপন করা যায়।
- বিপরীত স্টাইল বা লয়ে আরেকটি কাজ উপস্থাপন করার প্রস্তুতি নিন। যাইহোক, আপনাকে দ্বিতীয় কাজটি উপস্থাপন করার জন্য নাও বলা হতে পারে।
- একটি সংক্ষিপ্ত মিউজিক সংক্রান্ত প্যাসেজ দেখে পড়ার জন্য প্রস্তুতি নিন (চার থেকে আটটি মাপের)।
- কমপক্ষে একটি স্কেল উপস্থাপন করার প্রস্তুতি নিন এবং সকল প্রয়োজনীয় স্কেল মুখস্থ রাখুন। যাইহোক, আপনার প্রস্তুতকৃত অডিশনের নির্বাচিত কাজ(সমূহ) উপস্থাপনের ক্ষেত্রে মিউজিক শিট ব্যবহার গ্রহণযোগ্য।

অডিশনের সাধারণ উপদেশ

- আপনি যদি কোনো ভুলও করেন তবুও আপনার উপস্থাপনা চালিয়ে যান। হতাশ হবেন না। বিচারকগণ আপনার সম্ভাবনা নির্ধারণে সবচেয়ে বেশি আগ্রহী।
- যদি বিচারকগণ আপনি যেভাবে একটি প্যাসেজ উপস্থাপন করছেন তা পরিবর্তন করতে বলেন তাহলে তার মানে এই নয় যে আপনি ভুলভাবে উপস্থাপন করেছেন বা গেয়েছেন। তিনি এটিও দেখতে চাইতে পারেন যে আপনি কতটা উপস্থিতভাবে ফিডব্যাক গ্রহণ করতে পারেন এবং/বা সংশোধন করতে পারেন।

আপনার নাট্যাংশ নির্বাচন করার রিসোর্সসমূহ

- আপনার নাট্য সম্ভার নির্বাচন করার সময় আপনার মিউজিক শিক্ষকের সহায়তার অনুরোধ জানান। আপনার শিক্ষক নিউ ইয়র্ক স্টেট স্কুল মিউজিক অ্যাসোসিয়েশন ম্যানুয়াল, সংস্করণ 31 (New York State School Music Association Manual, Edition 31) নামক শিক্ষক ও পরিচালকদের জন্য পেশাগত রিসোর্সের সহায়তা গ্রহণ করতে পারেন যেটিতে সকল ধরনের কণ্ঠ ও যন্ত্রের গ্রেডভুক্ত তালিকা রয়েছে এবং আপনি এই ম্যানুয়ালটি আপনার নাট্য সম্ভার নির্বাচনের জন্য আপনার শিক্ষকের সাথে পর্যালোচনা করতে পারেন। এই ম্যানুয়ালটি কিছু লাইব্রেরিতে পাওয়া যেতে এবং অনলাইন থেকেও কেনা যেতে পারে।
- আপনি আপনার নাট্যাংশের মিউজিক শিট অনলাইনে কিনতে পারবেন বা সেম অ্যাস মিউজিক (Sam Ash Music), দ্য গিটার সেন্টার (The Guitar Center) বা ক্যাটালানো মিউজিক (Catalano Music) এর মত মিউজিক সংক্রান্ত ইন্সট্রুমেন্ট ও মিউজিক শিট বিক্রয়কারী দোকানসমূহ থেকেও কিনতে পারবেন।(NYCDOE নির্দিষ্ট দোকানের ব্যাপারে সুপারিশ করে না এবং প্রদত্ত নির্দিষ্ট দোকানসমূহের উদাহরণসমূহ শুধুমাত্র তথ্য সংক্রান্ত উদ্দেশ্যে ব্যবহার করা হয়েছে।)

সেকশন 5 – হাই স্কুলের প্রোগ্রামসমূহ এবং অডিশনের তথ্য

নিচে নিউ ইয়র্ক সিটির সেই সকল হাই স্কুলের তালিকা দেওয়া হলো যেগুলো অডিশন সূচি ও শর্তাবলিসহ অডিশন প্রযোজ্য এমন ইন্সট্রুমেন্টাল মিউজিক প্রোগ্রামসমূহ পরিচালনা করে। স্কুলের নাম প্রতিটি স্কুলের ওয়েবসাইটের সাথে রয়েছে; প্রোগ্রামের নামগুলি NYC School Finder প্রতিটি স্কুলের পেজের সাথে যুক্ত (http://schoolfinder.nyc.gov).

Celia Cruz Bronx High School of Music ★ I 2780 Reservoir Avenue 10468	BRONX
প্রোগ্রাম: Instrumental Music: Concert Band/Jazz Band/Piano I ডিরেক্টরি পৃষ্ঠা 76	কোড: X33A

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- আপনার নিজস্ব যন্ত্র (পিয়ানো, টুবা, ডাবল ব্যাস, প্রিকসেন এবং অ্যামপ্লিফায়ার্স ব্যতীত, এগুলো স্কুল থেকে দেয়া হবে) এবং মাউথপিস নিয়ে আসুন।

আপনি অডিশনে কী করবেন:

- সাইট-রিডিং এবং স্কেল প্রয়োজন হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 4pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9am
- বুধবার, 5 ডিসেম্বর, 2018, 5pm
- শনিবার, 8 ডিসেম্বর, 2018, 9am

প্রোগ্রাম: Instrumental Music: Orchestra/Strings/Piano I ডিরেক্টরি পৃষ্ঠা 77	কোড: X33M

অডিশনের জন্য কী প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

আপনি অডিশনে কী করবেন:

- সাইট-রিডিং এবং স্কেল প্রয়োজন হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 4pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9pm
- বুধবার, 5 ডিসেম্বর, 2018, 5pm

Fordham High School for the Arts ★ I 500 East Fordham Road 10458	BRONX
প্রোগ্রাম: Fordham High School for the Arts I ডিরেক্টরি পৃষ্ঠা 95	কোড: X51A

অডিশনের জন্য কী প্রস্তুতি নিতে হবে:

শিক্ষার্থীদেরকে প্রযোজ্য নিচের যেকোনো একটি নিয়ে আসতে উৎসাহিত করা হয়। এই সকল উপাদানের প্রয়োজন নেই তবে অডিশনে বিশাল একটি সুবিধা প্রদান করবে।

- কোনো কম্পিউটার বা ফ্লাশ ড্রাইভে কম্পিউটার সফটওয়্যার ব্যবহার করে তৈরিকৃত মিউজিক।
- শিক্ষার্থীর পছন্দমত কোনো যন্ত্রে একটি সঙ্গীত পরিবেশন করতে হবে। আধুনিক ব্যান্ডের যন্ত্র যেমন গিটার, ব্যাস, ড্রাম এবং কীবোর্ড আনার জন্য উৎসাহিত করা হয়। এককভাবে বা কোনো ফ্লাশ ড্রাইভে নিয়ে আসা চলমান মিউজিকের সাথে গান গাওয়া যাবে।

আপনি অডিশনে কী করবেন:

- শিক্ষার্থীগণকে অবশ্যই তাদের শিক্ষক কর্তৃক নমুনা হিসেবে উপস্থাপিত 5টি তাল শোনা ও হাততালি দেওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে এবং অবশ্যই মেজর ও মাইনর কর্ডসমূহ শুনতে হবে এবং তা চিহ্নিত করতে হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*আমাদের স্কুলের ওয়েবসাইটে অডিশনের জন্য নিবন্ধন করুন*)

- শনিবার, 27 অক্টোবর, 2018, 9am
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9am
- শনিবার, 1 ডিসেম্বর, 2018, 9am

Theater Arts Production Company School (TaPCO) ★ I 2225 Webster Avenue 10457	BRONX
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 145	কোড: X20B

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের বিষয়সমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- শনিবার, 20 অক্টোবর, 2018, 1pm
- শনিবার, 27 অক্টোবর, 2018, 1pm
- শনিবার, 3 নভেম্বর, 2018, 1pm
- শনিবার, 1 ডিসেম্বর, 2018, 1pm

Brooklyn High School of the Arts ★ I 345 Dean Street 11217	BROOKLYN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 197	কোড: K47K

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের বিষয়সমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)
- যারা নতুন শুরু করবে তাদেরকে স্বাগতম।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- বুধবার, 14 নভেম্বর, 2018, 4pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 9am
- বুধবার, 5 ডিসেম্বর, 2018, 4pm
- শনিবার, 8 ডিসেম্বর, 2018, 9am

Dr. Susan S. McKinney Secondary School of the Arts I 101 Park Avenue 11205	BROOKLYN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 220	কোড: K42E

আপনি অডিশনে কী করবেন:

- শিক্ষার্থীদের অবশ্যই একটি প্রস্তুত করা নির্বাচন এবং দুইটি মেজর স্কেল পরিবেশন করতে হবে।
- সাইট রিডিং, রিদম এবং টোনাল মেমোরি পরীক্ষা করা হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশন প্রয়োজন নেই*)

- বুধবার, 14 নভেম্বর, 2018, 3pm
- শুক্রবার, 16 নভেম্বর, 2018, 3pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 10am
- মঙ্গলবার, 27 নভেম্বর, 2018, 3pm
- শুক্রবার, 30 নভেম্বর, 2018, 3pm

Edward R. Murrow High School ★ I 1600 Avenue L 11230	BROOKLYN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 234	কোড: K57L

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: (*আপনার স্কুলের কাউন্সেলরের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্টার করুন*)

- নামের শেষ অংশ G-I, শনিবার, 17 নভেম্বর, 2018 8:30am
- নামের শেষ অংশ J-L, শনিবার, 17 ডিসেম্বর, 2018 9:30am
- নামের শেষ অংশ A-C, শনিবার, 17 নভেম্বর, 2018 12:30pm
- নামের শেষ অংশ D-F, শনিবার, 17 নভেম্বর, 2018 1:30pm
- নামের শেষ অংশ T-U, শনিবার, 2 ডিসেম্বর, 2018 8:30am
- নামের শেষ অংশ V-Z, শনিবার, 2 ডিসেম্বর, 2018 9:30am
- নামের শেষ অংশ M-S, শনিবার, 2 ডিসেম্বর, 2018 12:30pm

Fort Hamilton High School ★ I 8301 Shore Road 11209	BROOKLYN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 233	কোড: K17R

আপনি অডিশনে কী করবেন:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

2018-2019 অডিশনের তারিখ: *(আপনার স্কুলের কাউন্সেলরের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্টার করুন)*

- শনিবার, 3 নভেম্বর, 2018 10am
- রবিবার, 4 নভেম্বর, 2018 10am
- শনিবার, 17 নভেম্বর, 2018 10am
- রবিবার, 18 নভেম্বর, 2018 10am

Fiorello H. LaGuardia High School of Music & Art and Performing Arts ★ I 100 Amsterdam Avenue 10023	MANHATTAN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 353	কোনো কোড নেই

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- আবেদনকারীগণ সহায়তা ছাড়াই একটি একক সঙ্গীত পরিবেশনে জন্য নির্বাচন করবে এবং তারা যেটি পরিবেশন করার পরিকল্পনা করেছে তার একটি মিউজিক শিট নিয়ে আসবে। আবেদনকারীদের পিয়ানো, পারকাসন, টুবা, ডাবল ব্যাস বা হার্প ব্যতীত অন্যান্য অডিশনের যন্ত্র নিয়ে আসা উচিত। এই সব যন্ত্র অডিশনের সময় স্কুলের পক্ষ থেকে প্রদান করা হবে। ইলেক্ট্রিক গিটারবাদকদের জন্য অডিশনের সময় অ্যামপ্লিফায়ারও প্রদান করা হবে।

আপনি অডিশনে কী করবেন:

- সহায়তা ছাড়া নির্বাচিত একক সঙ্গীত পরিবেশন করুন।
- আবেদনকারীগণের তাল ও সুর সংক্রান্ত স্মৃতি পরীক্ষা করা হবে এবং একটি প্রদত্ত সাইট-রিডিং সম্পন্ন করতে বলা হবে।

Fiorello H. LaGuardia High School of Music & Art and Performing Arts হচ্ছে একটি স্পেশালাইজড হাই স্কুল। আপনার কাউন্সেলরের কাছে রেজিস্টার করুন।

Special Music School ★ I 122 Amsterdam Avenue 10023	MANHATTAN
প্রোগ্রাম: Voice, Instrument, and Composition I ডিরেক্টরি পৃষ্ঠা 430	কোড: A85A

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন)

আপনি অডিশনে কী করবেন:

- অডিশন পারফরম্যান্স, ইমপ্রোভাইজেশন কর্মশালা, তত্ব নির্ণয়, সাইট-রিডিং ও যন্ত্রে আগ্রহ।

2018-2019 অডিশনের তারিখ: *(www.kaufmanmusiccenter.org/sms সাইট পরিদর্শন করে একটি অডিশনের জন্য রেজিস্টার করুন)*

- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018 9am
- বুধবার, 7 নভেম্বর, 2018 4:30pm
- সোমবার, 12 নভেম্বর, 2018 4:30pm
- মঙ্গলবার, 13 নভেম্বর, 2018 4:30pm
- বুধবার, 14 নভেম্বর, 2018 4:30pm

Talent Unlimited High School ★ I 317 East 67th Street 10065	MANHATTAN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 434	কোড: M42P

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- আবেদনকারীদেরকে অবশ্যই তাদের যন্ত্র (পারকাসন, পিয়ানো, বারিটোন স্যাক্স, গিটার অ্যামপ্লিফায়ার, বারিটোন হর্ণ, টুবা এবং ডাবল ব্যাস ব্যতীত) এবং দুই কপি মিউজিক শিট নিয়ে আসতে হবে।

আপনি অডিশনে কী করবেন:

- মধ্যম মানের কঠিন একটি কাজ পরিবেশন করার মাধ্যমে তাদের যন্ত্রের উপর দক্ষতা ও তৎপরতা প্রদর্শন করুন।
- আবেদনকারীগণকে স্মৃতি থেকে দুইটি স্কেল ও দেখে পড়ার উদ্ধৃতি পরিবেশন করতে বলা হবে।

2018-2019 অডিশনের তারিখ: *(আমাদের স্কুলের ওয়েবসাইটের মাধ্যমে অডিশনের জন্য নিবন্ধন করুন)*

- শনিবার, 3 নভেম্বর, 2018 9am
- শনিবার, 3 নভেম্বর, 2018 10am
- শনিবার, 3 নভেম্বর, 2018, 11am
- শনিবার, 3 নভেম্বর, 2018, 12pm
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 9am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 9am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 10am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 11am
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 1pm
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 2pm
- মঙ্গলবার, 6 নভেম্বর, 2018, 3pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 4pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 5pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 6pm
- শুক্রবার, 9 নভেম্বর, 2018, 7pm

Wadleigh Secondary School for the Performing & Visual Arts ★ I 215 West 114th St. 10026	MANHATTAN
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 456	কোড: M26M

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- আবেদনকারীদের অডিশনের জন্য তাদের বাদ্যযন্ত্র সঙ্গে আনতে হবে এবং তাদের কার্যসম্পাদনের জন্য প্রয়োজনীয় মিউজিক শিট নিয়ে আসতে হবে।

আপনি অডিশনে কী করবেন:

- সঙ্গীতের একটি 2 – 3 মিনিটের যন্ত্রসঙ্গীতের একটি অংশ পারফর্ম করুন। সঙ্গীতের স্টাইলে থাকতে পারে জ্যাজ, গসপেল, সমসাময়িক বা শাস্ত্রীয় সঙ্গীত।

2018-2019 অডিশনের তারিখ: *(অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই)*

- বৃহস্পতিবার, 8 নভেম্বর, 2018, 4:30pm
- শনিবার, 10 নভেম্বর, 2018, 11:30am
- বৃহস্পতিবার, 15 নভেম্বর, 2018, 4:30pm
- শনিবার, 17 নভেম্বর, 2018, 11:30am
- বৃহস্পতিবার, 29 নভেম্বর, 2018, 4:30pm
- শুক্রবার, 30 নভেম্বর, 2018, 4:30pm
- শনিবার, 1 ডিসেম্বর, 2018, 11:30am

Bayside High School ★ I 32-24 Corporal Kennedy Street, Bayside 11361	QUEENS
প্রোগ্রাম: Music: Performance & Production I ডিরেক্টরি পৃষ্ঠা 479	কোড: Q12B

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- যন্ত্রবাদকেরা তাদের পছন্দের তিনটি স্কেল প্রস্তুত করবেন।

আপনি অডিশনে কী করবেন:

- শিক্ষার্থীগণ প্রোগ্রামের জন্য যেকোনো যন্ত্র বাজিয়ে এবং/বা যেকোনো স্টাইলে একটি প্রস্তুতকৃত নির্বাচিত সঙ্গীত গাওয়ার মাধ্যমে অডিশন দিতে পারবেন।
- প্রারম্ভিক শিক্ষার্থীদের ইন্টারভিউ ছাড়াও একটি সংগীত ভিত্তিক সক্ষমতার পরীক্ষার জন্য অডিশনে উপস্থিত থাকার জন্য উৎসাহিত করা হয়।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- শনিবার, 15 ডিসেম্বর, 2018, 9am
- শনিবার, 5 জানুয়ারি, 2019, 9am

Forest Hills High School ★ I 67-01 110th Street, Forest Hills 11375	QUEENS
প্রোগ্রাম: Academy of Instrumental and Vocal Music I ডিরেক্টরি পৃষ্ঠা 499	কোড: Q19P

আপনি অডিশনে কী করবেন:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের অংশসমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- অডিশনে অন-সাইট মিউজিকের কাজ অন্তর্ভুক্ত থাকতে পারে (সিঙ্গিং ব্যাক মেলোডিক প্যাটার্ন, ট্যাপিং ব্যাক মেলোডিক প্যাটার্ন, নির্দিষ্ট মাত্রায় বাজানো, বা কোনো সাইট রিডিং (দেখে পড়া), সঙ্গীত তত্ব বা তাৎক্ষণিক ক কাজ সম্পন্ন করা এর অন্তর্ভুক্ত থাকতে পারে)।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- নামের শেষ অংশ A-L, বুধবার, 7 নভেম্বর, 2018, 4pm
- নামের শেষ অংশ M-Z, সোমবার, 12 নভেম্বর, 2018, 4pm
- মেক-আপ, বৃহস্পতিবার, 15 নভেম্বর, 2018, 4pm

Frank Sinatra School of the Arts High School ★ I 35-12 35th Avenue, Astoria 11106	QUEENS
প্রোগ্রাম: Instrumental Music I ডিরেক্টরি পৃষ্ঠা 504	কোড: Q40K

অডিশনের জন্য কী ধরনের প্রস্তুতি নিতে হবে:

- এই প্রোগ্রামে সাধারণ অডিশনের বিষয়সমূহ আছে (বিস্তারিত বিবরণের জন্য সেকশন 3 দেখুন) এবং নিম্নলিখিত অনুরোধ জানায়:
- দুই কপি মিউজিক শিট নিয়ে আসুন।

আপনি অডিশনে কী করবেন:

- কমপক্ষে একটি একক সঙ্গীত নির্বাচন এবং তিনটি মেজর স্কেল উপস্থাপনা করুন।
- একটি দেখে পাঠের পরীক্ষা দিন এবং তাল বোঝার পরীক্ষা দিন যেটিতে আপনাকে তালভিত্তিক নকশার প্রদর্শন করতে হবে।

2018-2019 অডিশনের তারিখ: (*অডিশনের জন্য রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই*)

- Queens; নামের শেষ অংশ A-M, শনিবার, 3 নভেম্বর, 2018, 7:30am
- Queens; নামের শেষ অংশ N-Z, রবিবার, 4 নভেম্বর, 2018, 7:30am
- সিটিব্যাপী; নামের শেষ অংশ A-M, শনিবার, 17 নভেম্বর, 2018 7:30am
- সিটিব্যাপী; নামের শেষ অংশ N-Z, রবিবার, 18 নভেম্বর, 2018 7:30am
- মেক-আপ; শনিবার, 1 ডিসেম্বর, 2018 7:30am
- মেক-আপ; রবিবার, 2 ডিসেম্বর, 2018, 7:30am

Susan E. Wagner High School I 1200 Manor Road 10314	STATEN ISLAND
প্রোগ্রাম: Music I ডিরেক্টরি পৃষ্ঠা 601	কোড: R17G

আপনি অডিশনে কী করবেন:

- মিউজিক শিক্ষার্থীগণ অবশ্যই একটি সংক্ষিপ্ত যন্ত্র সঙ্গীতের অডিশন দেবে যার মধ্যে সেই সকল জিনিস অন্তর্ভুক্ত থাকবে যেগুলো Wagner ওয়েবসাইটে পাওয়া যাবে: www.wagnerhigh.net.

2018-2019 অডিশনের তারিখ: *(আপনার স্কুলের কাউন্সেলরের মাধ্যমে অডিশনের জন্য রেজিস্টার করুন)*

- বৃহস্পতিবার, 3 জানুয়ারি, 2019, 2:45pm
- মঙ্গলবার, 8 জানুয়ারি, 2019, 2:45pm
- বুধবার, 9 জানুয়ারি, 2019, 2:45pm

সেকশন 6 – আপনার ব্যক্তিগত অডিশনের সময়সূচি

আপনি যে সকল হাই স্কুলের প্রোগ্রামগুলির জন্য আগ্রহী তাদের তালিকা তৈরি করতে ওই প্রোগ্রামগুলির অডিশনের তারিখ/সময় এবং রেজিস্ট্রেশনের আবশ্যিকতা আছে কিনা তা জেনে আপনার ব্যক্তিগত অডিশন সময়সূচি তৈরি করুন।

	আমার অডিশন প্রোগ্রাম/ স্কুল:	অডিশনের তারিখ/সময়:	নিবন্ধন প্রয়োজন?
1.			☐
2.			☐
3.			☐
4.			☐
5.			☐
6.			☐
7.			☐
8.			☐
9.			☐
10.			☐
11.			☐
12.			☐
13.			☐
14.			☐
15.			☐
16.			☐
17.			☐
18.			☐
19.			☐
20.			☐